



මහලාභී ආයතන සංවර්ධනය, සංරක්ෂණය සහ ප්‍රවර්ධනය

සේවයන්

Job Category: NGO/Development

Job Source: සාමාන්‍ය සේවයන්

Job Summary

Posted On: 10 Dec 2024

Application Deadline: 31 Dec 2024



টিএমএসএস নিয়োগ বিজ্ঞপ্তি

টিএমএসএস জাতীয় পর্যায়ে একটি বেসরকারী উন্নয়ন সংস্থা। অত্র সংস্থা কর্তৃক পরিচালিত সমগ্র দেশব্যাপী মাইক্রোফাইন্যান্স কর্মসূচী ও টিএমএসএস পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, টিএমএসএস মেডিকেল কলেজ এ্যান্ড রফাতুল্লাহ কমিউনিটি হাসপাতাল, টিএমএসএস বিনোদন জগৎ, বিভিন্ন বিজনেস ভেঞ্চার এবং প্রতিষ্ঠানের শৃঙ্খলা ও নিরাপত্তা বিধানের নিমিত্তে TMSS Discipline Special Branch (TDSB) এর আওতায় জনবল নিয়োগের উদ্দেশ্যে উপযুক্ত প্রার্থীদের নিকট থেকে শর্তপূরণ সাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে।

০১	সহকারী পরিচালক (মাইক্রোফাইন্যান্স)-১০ জন। কর্মস্থল: দেশব্যাপী টিএমএসএস এর বিস্তৃত কর্মএলাকা। শিক্ষাগত যোগ্যতা: যে কোন বিষয়ে স্নাতকোত্তর। অভিজ্ঞতা: ক্ষুদ্রাঞ্চল কার্যক্রমে ১০ বছরের কাজের অভিজ্ঞতা এবং জোনাল ম্যানেজার/অনুরূপ পদে ১৫-২০টি শাখা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: সর্বোচ্চ ৪৫ বছর। বেতন ভাতা: SR-TMSS এর ০৭নং গ্রেড অনুসারে সর্বসাকুল্যে ৭২,৫৪০/- টাকা (ক্রেডিট এ্যালাউন্সসহ)। শিক্ষানবিশকালে ৬৫,০০০/- টাকা প্রাপ্ত হবেন এবং শিক্ষানবিশকাল ০৬ মাস।
০২	জোনাল ম্যানেজার (মাইক্রোফাইন্যান্স)-২০ জন। কর্মস্থল: দেশব্যাপী টিএমএসএস এর বিস্তৃত কর্মএলাকা। শিক্ষাগত যোগ্যতা: যে কোন বিষয়ে স্নাতকোত্তর। অভিজ্ঞতা: ক্ষুদ্রাঞ্চল কার্যক্রমে ন্যূনতম ০৭ বছরের কর্ম অভিজ্ঞতাসহ একসাথে কমপক্ষে ০৫-১০টি শাখা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: সর্বোচ্চ ৪০ বছর। বেতন ভাতা: SR-TMSS এর ০৯নং গ্রেড অনুসারে সর্বসাকুল্যে ৬৩,৫৮০/- টাকা (ক্রেডিট এ্যালাউন্সসহ)। শিক্ষানবিশকালে ৫৭,২০০/- টাকা প্রাপ্ত হবেন এবং শিক্ষানবিশকাল ০৬ মাস।
০৩	সহকারী জোনাল ম্যানেজার (মাইক্রোফাইন্যান্স)-২০ জন। কর্মস্থল: দেশব্যাপী টিএমএসএস এর বিস্তৃত কর্মএলাকা। শিক্ষাগত যোগ্যতা: যে কোন বিষয়ে স্নাতকোত্তর। অভিজ্ঞতা: ক্ষুদ্রাঞ্চল কার্যক্রমে ০৫ বছরের কর্ম অভিজ্ঞতাসহ অঞ্চল প্রধান/রিজিয়ন প্রধান হিসেবে ০৫-১০টি শাখা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: সর্বোচ্চ ৪০ বছর। বেতন ভাতা: SR-TMSS এর ১০নং গ্রেড অনুসারে সর্বসাকুল্যে ৫৭,৮০০/- টাকা (ক্রেডিট এ্যালাউন্সসহ)। শিক্ষানবিশকালে ৫২,০০০/- টাকা প্রাপ্ত হবেন এবং শিক্ষানবিশকাল ০৬ মাস।
০৪	শৃঙ্খলা দল (TDSB) প্রধান-০১ জন। কর্মস্থল: বগুড়া। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক/সমমান। সদ্য অবসরপ্রাপ্ত পুলিশ/সেনা/বিজিবি কর্মকর্তাদের অগ্রাধিকার দেওয়া হবে। বয়স: সর্বোচ্চ ৫০ বছর। বেতন ভাতা: সর্বসাকুল্যে ৩০,০০০/- টাকা ও তৎসহ সংস্থার চাকরি বিধি অনুসারে সকল ভাতা ও সুবিধাদি প্রদান করা হবে।
০৫	শৃঙ্খলা দল (TDSB) সুপারভাইজার-০৩ জন। কর্মস্থল: বগুড়া। শিক্ষাগত যোগ্যতা: এইচএসসি/সমমান। বাংলাদেশ পুলিশ/সেনাবাহিনী/বর্ডার গার্ড থেকে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/সদস্যদের অগ্রাধিকার দেওয়া হবে। বয়স: সর্বোচ্চ ৪০ বছর। বেতন ভাতা: সর্বসাকুল্যে ২২,০০০/- টাকা ও তৎসহ সংস্থার চাকরি বিধি অনুসারে সকল ভাতা ও সুবিধাদি প্রদান করা হবে।
০৬	শৃঙ্খলা বাস্তবায়নকারী-১৫ জন। কর্মস্থল: বগুড়া। শিক্ষাগত যোগ্যতা: এসএসসি/সমমান। বাংলাদেশ পুলিশ/সেনাবাহিনী/বর্ডার গার্ড থেকে অবসরপ্রাপ্ত সদস্যদের অগ্রাধিকার দেওয়া হবে। বয়স: সর্বোচ্চ ৪০ বছর। বেতন ভাতা: সর্বসাকুল্যে ১৫,০০০/- টাকা ও তৎসহ সংস্থার চাকরি বিধি অনুসারে সকল ভাতা ও সুবিধাদি প্রদান করা হবে।

বি: দ্র: স্বজনপ্রীতি পরিহারের নিমিত্তে ০৪-০৬ নং পদে বগুড়া জেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করতে নিরুৎসাহিত করা হলো। উল্লেখ্য যে, (০৪-০৬ নং) পদের নিয়োগ প্রাপ্ত প্রার্থীদের একক আবাসনের সুবিধা থাকবে।

শর্তাবলী:

- আগ্রহী প্রার্থীগণকে সদ্য তোলা ০৩ (তিন) কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, মোবাইল নম্বর, পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি সহ আবেদন পরিচালক (এইচআর-এম এ্যান্ড এ্যাডমিন) বরাবর করতে হবে এবং আবেদনপত্র আগামী ৩১/১২/২০২৪ইং তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে টিএমএসএস ফাউন্ডেশন অফিস, ঠেঙ্গামারা, রংপুর রোড, বগুড়া-৫৮০০ ঠিকানায় পৌঁছাতে হবে।
- সকল পদের নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে SMS/মোবাইল ফোন কলের মাধ্যমে জানানো হবে।
- ০১-০৩নং পদে নিয়োগ প্রাপ্ত কর্মকর্তাদের শিক্ষানবিশকাল শেষে কর্মমূল্যায়নের ভিত্তিতে স্থায়ীকরণ করা হবে এবং স্থায়ীকরণ সময় থেকে সংস্থার বিধি অনুসারে ০৩টি উৎসব ভাতা, সিটি কর্পোরেশনের ক্ষেত্রে সিটি ভাতা, চাকরিতে যোগদানের সাথে সাথে মোটরসাইকেল সফট লোন সুবিধা ও জ্বালানী বিল, জীবন বীমাসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করা হবে এছাড়াও ক্রেডিট এ্যালাউন্স, লোড এ্যালাউন্স, ব্যাংকার এ্যালাউন্স, হাই পারফরমেন্স বোনাসসহ স্টাফ প্রিভিলেজ প্রতিপালন করা হবে।
- নির্বাচিত প্রার্থীদেরকে যোগদানের সময় সংস্থা কর্তৃক নির্ধারিত পরিমাণ জামানত (লভ্যাংশসহ ফেরতযোগ্য) প্রদান করতে হবে।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের সময় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদপত্র সঙ্গে আনতে হবে।
- ইতিপূর্বে যারা টিএমএসএস-এর চাকরি হতে অব্যাহতি দিয়েছেন আবেদন করার ক্ষেত্রে তাদেরকে টিএমএসএস এর কর্ম অভিজ্ঞতা অবশ্যই উল্লেখ করতে হবে। তবে টিএমএসএস কর্তৃক চাকরিচ্যুত কর্মী আবেদন করতে পারবেন না।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ফোন: ০২৫৮৮৮৭৭৩০৫, ০২৫৮৮৮৭৭৩০৯ web: www.tmss-bd.org

পরিচালক
(এইচআর-এম এ্যান্ড এ্যাডমিন)